# আকাশবাণীশিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**24 APRIL 2026** **7:45—7:55 PM**

---

১) নির্বাচন কমিশনের আগামী চৌঠা মে অনুষ্ঠেয় রাজ্য বিধানসভা নির্বাচনের ভোটগণনার জন্য আগামীকাল গৌহাটিতে রাজ্য পর্যায়ের একটি কর্মশালার আয়োজন ।

২) কাছাড় ও শ্রীভূমি জেলায় ভোট গণনা অবাধ , সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে প্রস্তুতি অব্যাহত ।

৩) অভি-নীল হত্যাকান্ডে দোষী সাব্যস্ত ২০ জনের যাবজ্জীবন কারাদন্ড ।

এবং

৪) প্রবীন কংগ্রেস নেতা পবন খেড়ার অগ্রীম জামিন আবেদন নাকচ ।

-----------------------------------------------------------------------------------

নির্বাচন কমিশন আগামী চৌঠা মে অনুষ্ঠেয় রাজ্য বিধানসভা নির্বাচনের ভোটগণনার জন্য আগামীকাল গৌহাটিতে প্রথমবারের মত রাজ্য পর্যায়ের একটি কর্মশালার আয়োজন করেছে । এই কর্মশালায় রাজ্যের প্রত্যেক জেলার আযুক্ত , প্রত্যেক বিধানসভা আসনের জন্য নিয়োজিত রিটার্ণিং অফিসার এবং জেলা নির্বাচনী আধিকারিকরা উপস্থিত থাকবেন । পরবর্তী পর্যায়ে আগামী ২৭ এপ্রিল থেকে প্রত্যেক জেলায় ভোটগণনা আধিকারীকদের প্রশিক্ষণ প্রদান করা হবে । ভোট গণনার সময় প্রত্যেকটি গণনা টেবিলে নুন্যতম ৩ জন করে গণনা আধিকারিক উপস্থিত থাকবেন , প্রতিটি গণনা টেবিলে ১ জন করে মাইক্রো অবজারভারও উপস্থিত থাকবেন । ই ভি এম ভোট গণনা কক্ষ ছাড়াও পৃথকভাবে একটি পোষ্টাল ব্যালট গণানা কক্ষও থাকবে । পোষ্টাল ব্যালট কক্ষে মোট ৬টি করে গণনা টেবিল রাখা হবে । এর জন্য সংশ্লিষ্ট গণনা আধিকারিকদের জেলা পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করা হবে ।

-----------------------------------------------------------------------------------

আগামী চৌঠা মে অনুষ্ঠেয় কাছাড় জেলার ৭টি বিধানসভা আসনের ভোট গণনা প্রক্রিয়া অবাধ ও সুষ্ঠভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে পূর্ণ প্রস্তুতি অব্যাহত রয়েছে । এই উপলক্ষে গতকাল কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ের পুরাতন সম্মেলন কক্ষে একাধিক নিবিড় প্রশিক্ষণ ও ব্রিফিং সেশনের আয়োজন করা হয় । ট্যাবুলেটর , ট্রানজিট অফিসার প্রমুখ সংশ্লিষ্ট আধিকারিকদের ই ভি এম এবং ভি ভি প্যাট ইউনিট পরিচালনার ক্ষেত্রে তাদের আরো বেশী দক্ষতা বৃদ্ধি করার উদ্দেশ্যেই এই প্রশিক্ষণ কার্যসূচির আয়োজন করা হয়েছিল । এই প্রশিক্ষণে প্রক্রিয়াগত স্বচ্ছতা নিশ্চিত করা , নির্ধারিত নির্বাচন বিধি কঠোরভাবে অনুসরণ করা এবং কার্যকর সমন্বয়ের ওপর বিশেষভাবে গুরুত্ব আরোপ করা হয় । এছাড়াও একটি বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে ই ভি এম এবং ভি ভি প্যাট সিলিং কাজের সঙ্গে যুক্ত কর্মচারী , ট্যাবুলেটর এবং ট্রানজিট অফিসারদের হাতে কলমে নির্দেশনা প্রদান করা হয় ।

এদিকে শ্রীভূমি জেলার ৪টি বিধানসভা আসনের ভোটগণনা আগামী চৌঠা মে করিমগঞ্জ কলেজে অনুষ্ঠিত হবে । গণনা প্রক্রিয়া সুষ্ঠভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে জেলা প্রশাসন ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছে । এই উপলক্ষে আজ শ্রীভূমি জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে মাইক্রো অবজারভারদের একটি প্রশিক্ষণ কার্যসূচি অনুষ্ঠিত হয় । অন্যদিকে করিমগঞ্জ রবীন্দ্র সদন কলেজে কাউন্টিং সুপারভাইজার এবং কাউন্টিং এসিসষ্টেন্টদের জন্য আরো একটি পৃথক প্রশিক্ষণের আয়োজন করা হয় । শ্রীভূমি জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে যে আগামী চৌঠা মে অনুষ্ঠেয় ভোট গণনা প্রক্রিয়া যাতে নিরপেক্ষ , স্বচ্ছ , অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করা যায় সেই উদ্দেশ্যে সংশ্লিষ্ট আধিকারক - কর্মচারীদের প্রয়োজনীয় নির্দেশনা এবং প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে ।

-----------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য আজ দিশপুরের রুদ্র সিংহ ক্রীড়া প্রকল্পের ভোগেশ্বরী ফুকননী ইন্ডোর ষ্টেডিয়ামে অনুষ্ঠিত ভারত-স্কাউটস এন্ড গাইডস , আসাম শাখার ২৪তম রাজ্যিক পুরষ্কার বিতরণী অনুষ্ঠানে অংশ গ্রহণ করে ২০২৪ এবং ২০২৫ সালের বিজয়ী ৪০ জন সদস্য এবং ২০ জন নেতাকে পুরষ্কার প্রদান করেন । এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে রাজ্যপাল তার ভাষণে সেবা , চরিত্র এবং নেতৃত্বের মূল্যবোধের প্রতি দেখানো প্রতিশ্রুতির জন্য পুরষ্কার প্রাপকদের প্রশংসা করা সহ দায়িত্বশীল এবং যুব নাগরিকদের গড়ে তোলার জন্য অভিভাবক , প্রশিক্ষক এবং আধিকারিকদের প্রশংসা করেন ।

-----------------------------------------------------------------------------------

নগাঁও জেলা দায়রা জজের আদালত আজ অভি - নীল হত্যাকান্ডে দোষী সাব্যস্ত ২০ জন অভিযুক্তকে যাবজ্জীবন কারাদন্ডের শাস্তি প্রদান করা সহ প্রত্যেককে ২০ হাজার টাকা করে জরিমানা করেছে । ২০১৮ সালের ৮ জুন কার্বি-আংলং জেলার ডকমকায় শিশু অপহরণকারী সন্দেহে নীলোৎপল দাস ও অভিজিৎ নাথ নামের দুজন যুবককে নৃশংসভাবে হত্যা করার পর সাত বছরেরও বেশী সময় ধরে চলা বিচার প্রক্রিয়ার পর আদালত গত ২০ এপ্রিল এই মামলার রায় দান করে ২০ জনকে দোষী সাব্যস্ত করেছিল এবং ২৫ জন অভিযুক্তকে দোষমুক্ত বলে ঘোষণা করেছিল ।এই হত্যাকান্ডের সঙ্গে মোট ৪৮ জন অভিযুক্তের নাম জড়িত ছিল তবে তিন জনকে আদালত অপ্রাপ্তবয়স্ক বলে ঘোষণা করে ।এরপর ৪৫ জন অভিযুক্তের বিরুদ্ধে নগাঁও জেলা দায়রা জজের আদালতে মামলা চলে ।এই মামলার শুনানী প্রক্রিয়ায় ৭১ জনলোকের সাক্ষ্য গ্রহণ করা হয়েছিল ।এই সম্পর্কে আইনজীবি বিজন মহাজন বলেন------

বাইট

---------------------------------------------------------------------------------

২০২৩ সালের পয়লা সেপ্টেম্বর কাছাড় জেলার কচুদরম থানার অধীন বাউরীকান্দি প্রথম খন্ডে সংঘটিত শিশু হত্যাকান্ড মামলায় নিহত শিশুর মা আজমির বেগম লষ্করকে দোষী সাব্যস্ত করা হয়েছে । কাছাড়ের অতিরিক্ত সেশন ন্যায়ধীশ ( ফাষ্ট ট্রাক কোর্ট ) বঙ্কিম শর্মা তাকে দোষী সাব্যস্ত করে নগদ ২০ হাজার টাকা সহ যাবজ্জীবন কারাদন্ডের শাস্তি ঘোষণা করেছেন । মামলার তথ্য অনুসারে আজমিরা নিজের দুই শিশুকন্যা ৩ বছরের রাজিমা বেগম এবং ১০ মাসের মহীয়া ফাতেমা বেগমকে নির্মমভাবে খুন করেছিলেন ।

---------------------------------------------------------------------------------

জুবিন গর্গের রহস্যজনক মৃত্যু মামলায় অভিযুক্ত সিদ্ধার্থ শর্মার জামিন আবেদনের শুনানী আগামী ২৮ শে এপ্রিল পুনরায় গ্রহণ করা হবে ।বিচারপতি শর্মিলা ভূইয়াঁর ফাস্ট ট্রেক আদালতে সিদ্ধার্থ শর্মার জামিন আবেদন আজ শুনানীর জন্য গ্রহণ করা হয় তবে সরকারী আইনজীবি জীয়াউল কামার এই ক্ষেত্রে আদালতের কাছ থেকে সময় চেয়ে নেন ।উল্লেখ্য নগাও আদালতে অভি-নীল হত্যাকান্ড মামলার দোষীদের আজ শাস্তি ঘোষণা করার প্রতি লক্ষ্য রেখে উভয় মামলার আসাম সরকারের পক্ষে আইনজীবি শ্রী কামার সিদ্ধার্থ শর্মার জামিন আবেদনের বিরুদ্ধে প্রত্যুত্তর প্রদানের জন্য আদালতের কাছে সময় চেয়েছেন ।আদালত এই আবেদনের পরবর্তী শুনানীর দিন ২৮ এপ্রিল ধার্য করেছে ।

---------------------------------------------------------------------------------

প্রবীণ কংগ্রেস নেতা পবন খেড়ার গৌহাটী হাইকোর্টে দাখিল করা অগ্রিম জামিনের আবেদন আজ আদালত নাকচ করেছে । হাইকোর্টের বিচারপতি পার্থিবজ্যোতি শইকিয়ার বিচাপীঠ কংগ্রেস নেতাকে অগ্রিম জামিন প্রদান করতে অস্বীকার করে ।উল্লেখ্য গত ২১ শে এপ্রিল অনুষ্ঠিত শুনানিতে পবন খেড়ার পক্ষে প্রবীণ আইনজীবি অভিষেক মনু সিংভি এবং কমলনয়ন চৌধুরী যুক্তি তুলে ধরেছিলেন । এর বিপরীতে আসাম সরকারএর মহাধিবক্তা দেবজিৎ শইকিয়া পবন খেড়ার অগ্রিম জামিনের বিরোধিতা করে যুক্তি প্রদর্শন করেন ।আদালত সব যুক্তি শোনার পর পবন খেড়ার অগ্রিম জামিনের রায় স্থগিত রেখেছিল ।

এদিকে জামিনের আবেদন নাকচ হওয়ার পর মহাধিবক্তা শ্রী শইকিয়া এক সাংবাদিক সম্মেলনে জানান যে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মার স্ত্রী রিণিকি ভূইয়াঁ শর্মার তিনটি পাসপোর্ট এবং বিদেশে সম্পত্তি থাকার যেসব নথিপত্র পবন খেড়া দেখিয়েছিলেন সেগুলি সম্পূর্ণ ভূয়োঁ ।তিনি বলেন ------

বাইট

--------------------------------------------------------------------------------

এস ইউ সি আই (কমিউনিষ্ট) দলের ৭৮তম প্রতিষ্ঠা বার্ষিকী আজ বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে শিলচরে দলীয় কার্যলয়ে পালন করা হয়েছে । দলের প্রবীন সদস্য শ্যামদেও কুর্মী সকালে দলীয় পতাকা উত্তোলন করেন । পরে আয়োজিত আলোচনা সভায় দলের জেলা সম্পাদক ভবতোষ চক্রবর্তী দলের নীতি ও আর্দশ নিয়ে আলোচনা করেন ।

--------------------------------------------------------------------------------

গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের গণ জ্ঞাপন বিভাগের উদ্যোগে আজ শিলচরের ছোটেলাল শেঠ ইনস্টিটিউটে নারী নিরাপত্তা ও সুরক্ষা শীর্ষক বিষয়ের উপর সচেতনতামূলক কার্যসূচীর আয়োজন করা হয়েছে । অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জেলা বার এসোসিয়েশনের আইনজীবি পঞ্চমী নাথ , বিদ্যালয়ের শিক্ষিকা মণিদীপা কর এবং বিশ্ববিদ্যালয়ের গন জ্ঞাপন বিভাগের শিক্ষক ডক্টর জ্যোতিষ দত্ত প্রমূখ বক্তব্য রাখেন ।

--------------------------------------------------------------------------------

বরাক উপত্যকায় হাইকোর্টের স্থায়ি বেঞ্চ স্থাপনের জন্য হাইকোর্ট বেঞ্চ ডিমান্ড ইমপ্লিমেন্টেশন কমিটির কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ আসাম সচিবালয়ের অতিরিক্ত সচিব এবং যুগ্ম সচিবের কাছে স্মারকপত্র প্রদান করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------

হাইলাকান্দি ক্রিকেট একাডেমী ও বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন মহাবীর ইন্টারনেশনেলের যৌথ উদ্যোগে আজ নেতাজী সুভাষ চন্দ্র বসু স্টেডিয়ামে প্রাক্তন ক্রিকেটার শচীন তেন্ডুলকারের ৫৩তম জন্ম দিন পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে কেক কাটা হয় এবং শচীন তেন্ডুলকারকে জন্ম দিনেরর শুভেচ্ছা জানানো হয়েছে । পরে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা পশুপালন বিভাগের উদ্যোগে আগামীকাল বিশ্ব পশু চিকিৎসা দিবস উপলক্ষে বিনামূল্যে অ্যান্টি রেবিস ভ্যাকসিনের কর্মসূচি শিবিরের আয়োজন করা হয়েছে। আগামীকাল হাইলাকান্দি রাজ্য পশু হাসপাতালে সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত টীকাকরণ কর্মসূচি অনুষ্ঠিত হবে। জেলা পশুপালন বিভাগের আধিকারিক ডা: জেকে তালুকদার পোষ্য প্রাণীর মালিকদের পোষ্যদের নিয়ে এসে জলাতংক প্রতিরোধী টীকা দেওয়ানোর আহ্বান জানিয়েছেন।

---------------------------------------------------------------------------------

সারা আসাম কাছাড় জেলা ছাত্র সংস্থা গতকাল শিলচর স্পোর্টিং ক্লাব খেলার মাঠে একটি সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করে । অনুষ্ঠানে বিহু , ধামাইল , ডিমাসে , কোচ-রাজবংশী , রংমাই নাগা ইত্যাদি নৃত্য প্রদর্শন করা হয় । বরাক উপত্যকার বিভিন্ন স্থান থেকে আসা শিল্পীরা সমবেত হয়ে ত্রিপুরা নৃগোষ্ঠীর ঐতিহ্যমন্ডিত নৃত্য প্রদর্শন করেন । অনুষ্ঠানে সঙ্গীত শিল্পী দিপলীনা ডেকা সঙ্গীত পরিবেশন করেন । অনুষ্ঠানে শিলচর স্পোর্টিং ক্লবের সভাপতি ডক্টর অনুপ রায় , আসাম বিশ্ববিদ্যালয়ের ডিন অরূপ বর্মন , ব্রু রিয়াং ছাত্র সংগঠনের সভাপতি মহন্ত লিয়াং , আসাম সাহিত্য সভার শিলচর শাখার প্রাক্তন সভাপতি সনিমিন রাজবংশী প্রমুখ উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------------------------